আজকের কাগজ

তারিখ 03 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৬

46

# ইসলামিয়া কলেজে নিষিদ্ধ হলো ছাত্র রাজনীতি

চট্টগ্রামের ইসলামিয়া ডিগ্রী কলেজে অনির্দিষ্টকালের জন্যে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করা হয়েছে। গতকাল কলেজের ম্যানেজিং কমিটির এক বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। কলেজের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ বজায় রাখা ও ছাত্রদের নিরপেক্ষতার স্বার্থে রাজনীতি নিষিদ্ধ করা হয়েছে। কমিটি কলেজ ছাত্র সংসদের এ্যাড-হক কমিটি ভেঙ্গে দিয়েছেন এবং ক্যাম্পাসে সব ধরনের সভা সমাবেশ নিষিদ্ধ করেছেন। খবর বাসস।